

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাচ্ছে যে, অগ্নিকাণ্ড সম্পর্কে সার্বিক সাবধানতা অবলম্বন করা অত্যন্ত জরুরি।
এমতাবস্থায় অগ্নিকাণ্ড প্রতিরোধে নিম্নলিখিত ব্যবস্থাগুলো গ্রহণ করা যেতে পারে।

অগ্নিকাণ্ড প্রতিরোধে সাবধানতা ও করণীয়ঃ

- রান্নার পর চুলা ভালভাবে নিভিয়ে রাখুন। গ্যাসের লাইনের সংযোগ নিয়মিতভাবে পরীক্ষা করুন।
- দাহ্য পদার্থ থেকে দূরে থাকুন। জ্বলন্ত সিগারেট, বিড়ি, জ্বলন্ত ম্যাচের কাঠি নিভিয়ে নির্দিষ্ট স্থানে ফেলুন। শিশুদের আগুন বা দাহ্য পদার্থ নিয়ে খেলতে দিবেন না।
- বৈদ্যুতিক সংযোগ সঠিকভাবে স্থাপন করা হয়েছে কিনা তা নিশ্চিত করুন। অবৈধ ও দুর্বল বৈদ্যুতিক সংযোগ পরিহার করুন।
- বৈদ্যুতিক ফিটিংসসমূহ নিয়মিত পরীক্ষা করুন। বাড়িতে গ্যাস সিলিন্ডার নিরাপদ স্থানে রাখুন।
- আগুন লাগলে সাথে সাথে বৈদ্যুতিক মেইন সুইচ বন্ধ করুন এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কন্ট্রোল রুমে খবর দিন।
- আগুন লাগলে প্রাথমিক অবস্থাতেই ফায়ার সার্ভিসকে সংবাদ দিন এবং ফায়ার সার্ভিস গাড়ি আসার পূর্ব পর্যন্ত আগুন নেভানোর চেষ্টা অব্যাহত রাখুন।
- ফায়ার সার্ভিস-এর টেলিফোন নম্বর চোখের সামনে দেয়ালে লিখে রাখুন।
- গাড়িতে ব্যবহৃত সিলিন্ডারের মেয়াদ পরীক্ষা করুন এবং নিয়মিত গ্যাস সিলিন্ডার সার্ভিসিং করুন।
- বাজি পোড়ানো, মশার কয়েল এবং ল্যাম্প, কুপি বা খোলা কেরোসিন বাতি ব্যবহারে সতর্কতা অবলম্বন করুন।
- অনভিজ্ঞ লোক দিয়ে রাসায়নিক ও দাহ্য পদার্থ ব্যবহার করবেন না। রাসায়নিক পদার্থ এবং দাহ্য পদার্থ ব্যবহারের ক্ষেত্রে অভিজ্ঞ লোক নিয়োজিত রাখুন।
- প্রতিষ্ঠানে ধূমপান নিষিদ্ধের বিষয়টি নিশ্চিত করুন।
- বাড়ি-ঘর, কল-কারখানা, অফিস ও ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করুন এবং মাঝেমাঝে তা পরীক্ষা করুন।
- অফিস-আদালত, মিল, ফ্যাক্টরি, শিল্প-কারখানা ও প্রতিষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত লোক, প্রচুর পানি ও বালি যথানিয়মে মজুত রাখুন এবং প্রতিমাসে অগ্নি নির্বাপন মহাড়ার ব্যবস্থা করুন।
- প্রতিটি শিল্প কারখানায় অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইনের বিধান মতে ওয়ারহাউজ/ওয়ার্কশপ লাইসেন্স গ্রহণ করুন এবং অগ্নি প্রতিরোধ ব্যবস্থা বাস্তবায়ন করুন।
- আগুন যেহেতু উর্ধ্বমুখী হয় তাই প্রথমে যে ফ্লোরে আগুন লেগেছে সে ফ্লোর এবং উপরের ফ্লোরের লোকদের আগে নামতে ও নামাতে সহায়তা করুন। নিচে নামার সময় দ্রুত সুশৃঙ্খলভাবে নেমে আসুন।
- পরনের কাপড়ে আগুন লাগলে কখনো দৌড়াবেন না, মাটিতে গড়াগড়ি দিন। পুড়ে গেলে আক্রান্ত স্থানে প্রচুর পানি ঢালুন। যত তাড়াতাড়ি সম্ভব চিকিৎসকের পরামর্শ নিন এবং পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিন।
- আগুন লাগলে ঘাবড়াবেন না। মাথা ঠান্ডা রেখে করণীয় ঠিক করুন। আগুনের বিস্তার রোধ করুন। আশপাশের দাহ্যবস্তু সরিয়ে দিন।

জরুরি সেবার জন্য ফোন করুনঃ ৯৯৯-এ।

ঢাকাস্থ ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুমের ফোন নম্বরঃ ১৯৯, ১০২, ৯৫৫৫৫৫৫৫, ৯৫৫৬৭৫৪, ০১৭৩০৩৩৬৬৯৯

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের জরুরি সাড়াদান কেন্দ্রের টেলিফোন নম্বর - ৫৮৮১১৬৫১।

অগ্নি প্রতিরোধ অগ্নি নির্বাপনের চেয়ে উত্তম। অসাবধানতাই অগ্নিকাণ্ডের প্রধান কারণ, অতএব অগ্নি প্রতিরোধে সতর্ক হোন।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর